গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নম্বর- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৯.(১১)- ৬৫৭

তারিখ: ১২-০৮-২০১৯খ্রিঃ।

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য "প্রবাসী কল্যাণ শিক্ষাবৃত্তি"র দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৯ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

(১) আবেদনকারীকে ২০১৯ সালে এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৪.৮০ প্রাপ্ত হয়ে দেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিষ্টার/বর্ষ) শ্রেণিতে অধ্যয়নরত থাকতে হবে। তবে প্রবাসে মৃত কর্মীর সন্তানগণ জিপিএ-৪ প্রাপ্ত হলে আবেদন করতে পারবে;

(২) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) নিয়ে বিদেশ গমন করেছেন অথবা বিদেশে কর্মরত যে সকল কর্মী দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বরশীপ গ্রহণ করেছেন সে সকল কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে;

(৩) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর পরিবার যারা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন তাদের সন্তানগণও বৃত্তির জন্য আবেদন করতে পারবে। তবে কর্মীর বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) থাকতে হবে;

(৪) i) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪ বছর মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;

ii) উক্ত বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষাউপকরণসহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ হিসাবে এসএসসি/সমমানের ক্ষেত্রে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে;

(৫) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

i) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপের ফটোকপি;

ii) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC ও মৃত্যু সনদ;

iii) শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

iv) এসএসসি অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত);

(৬) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট (www.wewb.gov.bd) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে;

(৭) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;

(৮) শিক্ষার্থীর মাতার (মাতার অনুপস্থিতিতে পিতা) ব্যবহৃত সঠিক মোবাইল নম্বর (রকেট একাউন্টসহ) অবশ্যই আবেদন ফরমে উল্লেখ করতে হবে;

(৯) বৃত্তি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(১০) আবেদনপত্র ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। যথাযথ কাগজপত্র পাওয়া না গেলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(১১) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টার (নাম্বার ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২-৯৩৩৪৮৮৮) এ সরকারি ছুটি ব্যতিত সকাল ০৭টা থেকে রাত ০৯টার মধ্যে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

(নূরুন আখতার)
উপ-সচিব
পরিচালক (আইআরপি)

পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি (প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধান কর্তৃক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

(www.wewb.gov.bd)

এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন ফরম

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ বাংলায় ঃ..
ইংরেজি ঃ..
শ্রেণি ঃ..,রোল নম্বর ঃ....................................
বিভাগ/গ্রুপ ঃ ....,বর্ষ/সেমিস্টার ঃ....................................

২. পিতার নাম ঃ ....

৩. মাতার নাম ঃ ....

৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) ঃ নাম ঃ..
সম্পর্কঃ..মোবাইল ঃ ....

৫. জন্ম তারিখ ও বয়স ঃ তারিখ ঃ ..../.............../...................., বয়স ঃ ....বছর

৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর ঃ ....
ঃ..

৭. পিইসি/জেএসসি/এসএসসি/এইচএসসি অথবা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ঃ ....

৮. বর্তমান ঠিকানা ঃ ....
....
....

৯. স্থায়ী ঠিকানা ঃ গ্রামঃ.., ডাকঘর ঃ ....
উপজেলাঃ.., জেলা ঃ ....

১০. শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নাম্বার (রকেট একাউন্ট নাম্বার সহ) ঃ মোবাইল ঃ..

১১. শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) ঃ মোবাইল ঃ ....

১২. শিক্ষার্থীর পিতা/মাতার তথ্যাদি ঃ

ক্রম	পাসপোর্ট নম্বর	দেশের নাম	কর্মস্থলের নাম- ঠিকানা	ফোন/ই-মেইল
১.				
২.				

সংযুক্তিঃ...........................

তারিখঃ.............................

....
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম) ...., পিতা ঃ ...., মাতা ঃ... প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে .... শ্রেণি, রোল নম্বর ঃ .... বিভাগ/গ্রুপ ঃ ....অধ্যয়নরত রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক।

১৩. প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর..।

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীলসহ)

বিঃ দ্রঃ সকল ক্রমিক নম্বরে আবশ্যিকভাবে তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদি এবং চাহিদাকৃত কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে আবেদন পত্র বাতিল করা হবে।
শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নাম্বার (রকেট একাউন্ট নাম্বার) প্রদান করতে হবে ।